**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 22.08.2026** **Desk in Charge: Susmita M.**
**Time: 7-50 PM** **Edit & Compile : Sudip B.**
**DEO: KB** **NRT :- Sudip Basu**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ পাহাড় সমস্যার স্থায়ী সমাধানে কেন্দ্রের মধ্যস্থতাকারী পঙ্কজ সিং-এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। # কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ শিলিগুড়িতে পাহাড় সমস্যা নিয়ে সংশ্লিষ্ট সকল পক্ষের সঙ্গে বৈঠক করেছেন।

২/ তোলাবাজি, সিন্ডিকেট রাজ, বেআইনী টোল আদায় এবং অবৈধ মদের কারবার রুখতে রাজ্য সরকার চারটি পৃথক হেল্পলাইন চালু করেছে।

৩/ ‘ অন্নপূর্ণা যোজনা’য় রাজ্য সরকার সমস্ত প্রতিশ্রুতি পূরণ করেছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী উল্লেখ করেছেন। # আগামী ১৭’ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনে ‘অন্নপূর্ণা দিবস’ পালনের ঘোষণা।

৪/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, আগামীকাল ‘গার্ডেনরিচ শিপ বিল্ডার্স’ ও যন্ত্র ইন্ডিয়া লিমিটেডের অনুষ্ঠানে পাঁচটি নতুন প্রকল্পের শিলান্যাস করবেন।

৫/ ধর্মতলার ফ্রি স্কুল স্ট্রিটের হোটেলের অগ্নিকান্ডে সাত বাংলাদেশী সহ ৯’জনের মৃত্যুর ঘটনায়, মালিক বীরেশ্বর মিত্রকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৬/ উত্তর বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্ত, আগামী ২৪ ঘন্টায় নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। #এর প্রভাবে আগামী দুদিন উপকূলবর্তী জেলাগুলিতে, মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস।

*************************************************************************

রাজ্যে পাহাড় সমস্যার স্থায়ী সমাধানে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রের তরফে নিয়োগ করা মধ্যস্থতাকারী পঙ্কজ সিং-এর নেতৃত্বে এই কমিটি, সমস্যা সমাধানের লক্ষ্যে কেন্দ্রকে রিপোর্ট দেবে।

রাজ্য সফররত কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ শিলিগুড়ির সুকনায় পাহাড় সমস্যা নিয়ে বিশেষ বৈঠকে বসেন। পাহাড়ে রাজনৈতিক সমস্যার স্থায়ী সমাধানসূত্র খোঁজার পাশাপাশি শিক্ষক নিয়োগ, চা-বাগান, পরিবহণ ব্যবস্থা, GTA সমস্যা প্রভৃতি নিয়েও বৈঠকে আলোচনা হয়। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা, দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তা, রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধন শ্রীংলা বৈঠকে যোগ দেন। ছিলেন, GTA-র প্রধান সচিব শ্রুতি রঞ্জন মোহান্তি এবং গোর্খা জন মুক্তি মোর্চা, GNLF-এর মতো রাজনৈতিক দলগুলি।

বৈঠক শেষে দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তা বলেন, সমস্যা সমাধানে সংবিধানের আওতায় থেকেই উপযুক্ত পদক্ষেপ করা হবে। নতুন কমিটিতে পাহাড়ের অন্যান্য রাজনৈতিক নেতৃত্বকেও অন্তর্ভুক্ত করা হবে বলে তিনি জানান।

( বাইট- রাজু বিস্তা )

রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধন শ্রীংলা বলেন, সমস্যা সমাধানের লক্ষ্যে কাজ শুরু হয়েছে। পঙ্কজ সিং-এর নেতৃত্বে যে দল গঠিত হয়েছে, তারাই সমস্ত বিষয়টি খতিয়ে দেখবে। শিলিগুড়ি করিডরের সুরক্ষার জন্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলেও তিনি উল্লেখ করেন।

( বাইট- হর্ষবর্ধন শ্রীংলা )

‘গোর্খা জনমুক্তি মোর্চা’র নেতা রোশন গিরি, আজকের বৈঠকে সন্তোষ ব্যক্ত করেছেন।

*************************

রাজ্য সরকার তোলাবাজি, সিন্ডিকেট রাজ, বেআইনি টোল আদায় এবং অবৈধ মদের কারবার রুখতে চারটি পৃথক হেল্পলাইন চালু করেছে। শিলিগুড়িতে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং শীর্ষ প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠকের পর সমাজমাধ্যমে এই ঘোষণা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি জানান, সাধারণ মানুষ এখন থেকে চারটি টোল-ফ্রি নম্বরে সরাসরি অভিযোগ জানাতে পারবেন। তোলাবাজি সংক্রান্ত অভিযোগের জন্য চালু হয়েছে- ১৫৫-৩৩৪, সিন্ডিকেট সংক্রান্ত অভিযোগ জানানো যাবে- ১৫৫-৩৩৫,

বেআইনি রাস্তা বা টোল আদায়ের অভিযোগের জন্য ১৫৫-৩৩৭ এবং অবৈধ মদের বিরুদ্ধে অভিযোগ জানানো যাবে- ১৫৫-৩৩৯ নম্বরে।

*************************

অন্নপূর্ণা যোজনায় রাজ্য সরকার দেওয়া প্রতিশ্রুতি পূরণ করেছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। আজ ভবানীপুরে এই প্রকল্পের সুবিধা প্রাপকদের এক ধন্যবাদ সভায় মুখ্যমন্ত্রী বলেন, চলতি মাসে রাজ্যের এক কোটি ৪৫ লক্ষ মহিলা ব্যাঙ্ক অ্যাকাউন্টে 'অন্নপূর্ণা যোজনা'র টাকা পেয়েছেন। প্রতি মাসের দ্বিতীয় সপ্তাহে অ্যাকাউন্টে টাকা দেওয়া হবে বলে এদিন ফের আশ্বাস দিয়েছেন তিনি।

( বাইট- শুভেন্দু / অন্নপূর্ণা )

আগামী ১৭'ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিনে রাজ্যে 'অন্নপূর্ণা দিবস' পালন করা হবে বলে ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

মুখ্যমন্ত্রী বলেন, গত ১৫ বছরে বিভিন্ন ক্ষেত্রে রাজ্য পিছিয়ে পড়েছে। চাকরী বিক্রি ছাড়াও রাজ্য থেকে শিল্প তাড়ানো হয়েছে। যুব সম্প্রদায়ের কর্ম সংস্থানের সুযোগ নষ্ট হয়েছে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে। এই অবস্থার পরিবর্তনের জন্য রাজ্যের সাধারণ মানুষ বিজেপিকে ক্ষমতায় এনেছে বলে উল্লেখ করেন তিনি।

যাদবপুরে সাম্প্রতিক ঘটনা প্রবাহ নিয়ে বামেদের সমালোচনা করেছেন তিনি। শ্রী অধিকারী বলেন, যাদবপুরে জাতীয় পতাকা তুলতে দেওয়া হয়না, গাওয়া হয় না 'বন্দে মাতরম'। বিজেপি যাদবপুরে জাতীয়তাবাদ প্রতিষ্ঠা করবে বলে মুখ্যমন্ত্রী এদিন মন্তব্য করেন। ( বাইট- শুভেন্দু / যাদবপুর )

*************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আগামীকাল কলকাতায়, 'গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড' ও 'যন্ত্র ইন্ডিয়া লিমিটেডে'র এক অনুষ্ঠানে পাঁচটি নতুন প্রকল্পের শিলান্যাস করবেন। অনুষ্ঠানে যোগ দেবেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প- MSME প্রতিষ্ঠানগুলির প্রতিনিধিরাও সেখানে উপস্থিত থাকবেন।

*************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ৩০ শে আগস্ট , আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

*************************

ধর্মতলার ফ্রি স্কুল স্ট্রিটের হোটেলের অগ্নিকান্ডে সাত বাংলাদেশী সহ ৯’জনের মৃত্যুর ঘটনায়, মালিক বীরেশ্বর মিত্রকে গ্রেপ্তার করেছে পুলিশ। বেহালার বাসিন্দা বীরেশ্বরকে ডায়মন্ড হারবার রোডের একটি ফ্ল্যাট থেকে পাকড়াও করা হয়। ঘটনার পর থেকেই পলাতক ছিল ওই ব্যক্তি।

*************************

শহরের হোটেল রেস্তরাঁয় অগ্নিকান্ডের পুনরাবৃত্তি রোধে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের দাবী জানিয়ে কংগ্রেস আজ পুর কমিশনার তথা প্রশাসক স্মিতা পান্ডেকে স্মারকলিপি দিয়েছে। সুষ্ঠু জনগণনা, যথাযথ নাগরিক পরিষেবা প্রদান, পুরসভায় কর্মী নিয়োগ এবং ওয়ার্ড পুনর্বিন্যাস নিয়ে সর্বদলীয় বৈঠক ডাকার দাবী জানানো হয়েছে স্মারকলিপিতে। প্রদেশ কংগ্রেসের রাজ্য সম্পাদক আশুতোষ চ্যাটার্জির নেতৃত্বে একটি প্রতিনিধি দল আজ স্মিতা পান্ডের সঙ্গে সাক্ষাৎ করে।

*************************

বর্ধমান জেলায় স্বাস্থ্য পরিকাঠামো এবং পরিষেবার মানোন্নয়নে স্বাস্থ্য মন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় বিভিন্ন হাসপাতাল ও মেডিক্যাল কলেজ পরিদর্শন করছেন। কোথায় কোন্ কোন্ ক্ষেত্রে ঘাটতি রয়েছে, সেগুলি খতিয়ে দেখছেন তিনি। আজ স্বাস্থ্য মন্ত্রী কাটোয়া মহকুমা হাসপাতাল পরিদর্শনে যান। কথা বলেন ডাক্তার ও চিকিৎসা কর্মীদের সঙ্গে। হাসপাতালের শিশু, সার্জারির মতো বিভাগে চিকিৎসকের ঘাটতি মেটাতে উপযুক্ত পদক্ষেপ করা হচ্ছে বলেও জানান তিনি।

*************************

প্রবীণ CPIM নেতা তথা দলের পলিটব্যুরোর প্রাক্তন সদস্য বিমান বসুর শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। গত তিন দিন তিনি দিল্লির AIIMS এ ভর্তি রয়েছেন। তাঁর পেস মেকার বসানো হয়েছে। ডাক্তারদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে বলে CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম জানিয়েছেন।

************************

কলকাতার উপকণ্ঠে নিউটাউনের ইকোপার্ক এলাকায় আজ বস্তাবন্দী এক যুবকের দেহ উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে। দেশটি সৌরভ বিশ্বাস নামে এক যুবকের বলে জানা গেছে। আজ সকালে স্থানীয়রা একটি বস্তা পড়ে থাকতে দেখে পুলিশে খবর দেয়। দু-তিনদিন আগেই তাকে খুন করে ফেলে দেওয়া হয়েছে বলে পুলিশের অনুমান।

************************

উত্তর বঙ্গোপসাগরে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে, আগামী ২৪ ঘন্টায় তা নিম্নচাপে পরিণত হবার সম্ভাবনা। আবহবিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন-

( বাইট- সৌরিশ )

মৎস্যজীবীদের আজ থেকে ২৪ তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। উত্তরবঙ্গে ও হিমালয় সংলগ্ন জেলা গুলিতে আগামী কয়েক দিন হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে।

************************

কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগ ফুটবলে বারাসাত ষ্টেডিয়ামে আজ মহামেডান স্পোর্টিং ও ইউনাইটেড স্পোর্টস ক্লাবের ম্যাচটি ১-১ গোলে শেষ হয়েছে। মহামেডান স্পোর্টিং এর ৭ ম্যাচে পয়েন্ট এখন ১৫ ।

***************************************************************